**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 05-03-2026** **Time: 7.35 AM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১) ভোটের সঙ্গে যুক্ত বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার নোডাল অফিসারদের সঙ্গে আজ বৈঠক নির্বাচন কমিশনের।

বিধানসভা ভোটের প্রস্তুতি পর্যালোচনা করতে আগামী ৮ই মার্চ সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে কমিশনের চার সদস্যের এক প্রতিনিধি দল কলকাতায় আসছে।

২) বিজেপির পরিবর্তন যাত্রার আজ তৃতীয় দিন। অংশ নিচ্ছেন একাধিক কেন্দ্রীয় নেতা মন্ত্রী।

৩) রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭টি আসনে নির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিলের আজই শেষ দিন।

৪) মালদার মানিকচকে বচসার জেরে গুলি চালনা এবং পাল্টা গণপিটুনীতে এক ব্যক্তির মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনা ছড়িয়েছে।

৫) হোলির দিন বিশৃঙ্খল আচরণের অভিযোগে গ্রেপ্তার ২০০-র বেশি।

৬) রাজ্যে আগামী ৮ তারিখ থেকে কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভাবনা।

৭) আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল এফ সি গোয়ার মুখোমুখি হবে।

---

নির্বাচনের সঙ্গে যুক্ত বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থার নোডাল অফিসারদের সঙ্গে নির্বাচন কমিশনের এক প্রতিনিধি দল আজ বৈঠকে বসছে।

এদিকে, বিধানসভা ভোটের প্রস্তুতি পর্যালোচনা করতে নির্বাচন কমিশনের ফুল বেঞ্চের সফরের আগে, কমিশনের চার সদস্যের এক প্রতিনিধি দল আগামী ৮ই মার্চ কলকাতায় আসছে। সিনিয়র ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে ঐ দলে রয়েছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সি, এবং ডেপুটি সেক্রেটারি  অভিনব আগরওয়াল। প্রতিনিধি দলটি নির্বাচন সংক্রান্ত বিষয়গুলি নিয়ে CEO দপ্তরের আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন বলে সূত্রের খবর।

অন্যদিকে, রাজ্য সফরে এসে আগামী ৯ এবং ১০ই মার্চ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, দুই নির্বাচন কমিশনার সুখবীর সিং সান্ধু এবং বিবেক যোশী রাজ্যে নির্বাচনী কর্তা ও প্রশাসনিক প্রতিনিধিদের সঙ্গে টানা বৈঠক করবেন। আইনশৃঙ্খলা পরিস্থিতি ও আসন্ন নির্বাচনের প্রস্তুতির সামগ্রিক পরিকাঠামো খতিয়ে দেখবেন তারা। পরিবহন, স্বাস্থ্য, পূর্ত, বিদ্যুত্ এবং নারী ও শিশু কল্যাণ দপ্তরের প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পাশাপাশি রাজ্যের স্বীকৃত ৮ টি রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গেও কথা বলবেন।

ভোটের নির্ঘন্ট ঘোষণার আগেই কলকাতা শহরের বিভিন্ন এলাকায় কেন্দ্রীয় বাহিনীর টহলদারি শুরু হয়েছে। গতকাল তালতলা, মুচিপাড়া, গিরিশপার্ক সহ বিভিন্ন থানা এলাকায় টহল দিয়েছেন তারা।

ভোট ঘোষণার আগেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন প্রকৃত পক্ষে রাজ্যের আইনশৃঙ্খলার কঙ্কালসার চেহারাই সকলের সামনে আরও একবার প্রকট হয়েছে বলে অভিযোগ করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য।

বাইট শমীক

--------------------

দোল এবং হোলির কারণে দুদিন বন্ধ থাকার পর আজ রাজ্যে ফের শুরু হচ্ছে বিজেপির পরিবর্তন যাত্রা। ৯ টি জায়গায় পরিবর্তন যাত্রার আয়োজন করা হচ্ছে। পাশাপাশি বৃহত্তর কলকাতার ২৯ টি বিধানসভা কেন্দ্রে একটি করে ট্যাবলো বেরোবে।

কোচবিহারের শীতলকুচিতে আজ পরিবর্তন যাত্রা উপলক্ষে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ।

উত্তরাখন্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জে পরিবর্তন যাত্রার উদ্বোধন করবেন।

আসানসোলের বুধা প্যারেড গ্রাউন্ডে পরিবর্তন যাত্রার সূচনা করবেন ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী অর্জুন মুন্ডা।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর উত্তর দিনাজপুরের করণদিঘিতে এই কর্মসূচীতে অংশ নেবেন।

পাশাপাশি বিজেপির জাতীয় কর্ম সমিতির সদস্য অভিনেতা মিঠুন চক্রবর্তী কলকাতায় রানী রাসমণি রোডে পরিবর্তন যাত্রার সূচনা করবেন।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার আজ উত্তর ২৪ পরগণার টাকিতে এবং বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল পশ্চিম বর্ধমানের কুলটিতে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন।

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং-এরও পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে পরিবর্তন যাত্রায় অংশ নেওয়ার কথা।

উত্তর দিনাজপুরের হেমতাবাদে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল।

--------------------

কোচবিহারের মহিষবাথান এলাকায় বিজেপির পরিবর্তন যাত্রার রথ-গাড়িতে ভাঙচুরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। গতসন্ধ্যায় পথ আটকে তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা গাড়ির সামনের কাঁচ ভেঙে দেয়। গাড়িচালক-সহ অন্যদের মারধর করা হয় বলেও অভিযোগ।

এর প্রতিবাদে পুন্ডিবাড়িতে কোচবিহার উত্তরের বিধায়ক সুকুমার রায়ের নেতৃত্বে দলের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল ও পথ অবরোধ করা হয়।
যদিও সব অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল কংগ্রেস।

--------------------

এসআইআর ইস্যুতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়ালের সঙ্গে সাক্ষাত্-এর দাবিতে সিইও দপ্তরের বাইরে সিপিআইএম সহ বামপন্থী দলগুলির ধর্ণা অবস্থান অব্যাহত। কোনো বৈধ ভোটার যাতে তালিকা থেকে বাদ

না পড়েন, তা নিশ্চিত করার দাবি জানিয়েছেন তাঁরা। গতকাল বামফ্রন্ট, সিপিআইএমএল লিবারেশন সহ অন্য বাম দলগুলি কলকাতার টি-বোর্ডের সামনে থেকে মিছিল করে সিইও দপ্তরে পৌঁছলে পুলিশ ব্যারিকেড করে তাদের পথ আটকায়। এরপর সেখানেই বসে তারা বিক্ষোভ শুরু করেন। মনোজ আগারওয়ালের সঙ্গে দেখা না হলে ধর্ণা কর্মসূচী চলবে বলে জানিয়েছেন বাম নেতারা।

বামফ্রন্টের চেয়ারম্যান বিমান বসু সাংবাদিকদের বলেন, ৬০ লক্ষের বেশি ভোটারকে বিচারাধীন রেখে তাদের ভোটাধিকার হরণের চেষ্টা চলছে। প্রতিবাদে আজ বিকেলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সামনে জনতার সমাবেশের ডাক দিয়েছে বাম দলগুলি।

এদিকে, প্রথম দফার চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর আগামীকাল ধর্মতলায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ধর্ণা অবস্থানে বসবেন বলে দলীয় সূত্রে খবর।

-------------------

রাজ্যসভায় পশ্চিমবঙ্গ সহ ১০ টি রাজ্যের ৩৭টি আসনে নির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিলের আজই শেষ দিন। আগামীকাল জমা পড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। ৯ই মার্চ পর্যন্ত মনোনয়ন প্রত্যাহার করা যাবে। ভোটগ্রহণ ১৬ই মার্চ। সেদিনই ফলাফল ঘোষণা করা হবে।

মহারাষ্ট্রের সাতটি, তামিলনাডুর ৬ টি, বিহার এবং পশ্চিমবঙ্গের ৫ টি, ওড়িশার চারটি, আসামের তিনটি, তেলেঙ্গানা, ছত্তিশগড়, হরিয়ানার দুটি করে এবং হিমাচল প্রদেশের একটি আসনে ভোট নেওয়া হবে।

পশ্চিমবঙ্গ থেকে বিজেপির রাজ্যসভার প্রার্থী হচ্ছেন দলের প্রাক্তন রাজ্য সভাপতি রাহুল সিনহা। তৃণমূল কংগ্রেসের চারটি আসনে প্রার্থী হয়েছেন সদ্য অবসরপ্রাপ্ত পুলিশ আধিকারিক রাজীব কুমার, সঙ্গীত শিল্পী বাবুল সুপ্রিয়, অভিনেত্রী কোয়েল মল্লিক এবং সুপ্রিম কোর্টের আইনজীবী মেনকা গুরুস্বামী।

-------------------

মালদার মানিকচক থানার মথুরাপুর কাহার পাড়ায় সামান্য বচসার জেরে এক কিশোরের গুলিচালনা এবং পাল্টা গণপিটুনিতে অভিযুক্তের বাবার মৃত্যুকে কেন্দ্র করে গতকাল পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। গতরাতে এলাকার কয়েকজন ছেলের সঙ্গে বচসা বাঁধলে অভিযুক্ত ১৭ বছর বয়সী কিশোর তার বাবার লাইসেন্স প্রাপ্ত বন্দুক থেকে গুলি চালায় বলে অভিযোগ। এর জেরে ১০ বছরের এক নাবালক সহ মোট চারজন গ্রামবাসী জখম হন। স্থানীয়রা তাদের উদ্ধার করে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠান।

এদিকে, ঘটনার পরই উত্তেজিত জনতার রোষানলে পড়েন অভিযুক্তের বাবা, রেশন ডিলার সমীর গুপ্ত। মারধরের পাশাপাশি তাঁর বাড়িতে ভাঙচুর করা হয় বলে খবর। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই তাঁর মৃত্যু হয়।

-------------------

হোলির দিনে গতকাল উচ্ছৃঙ্খল আচরণের অভিযোগে ২৭৭ জনকে পুলিশ গ্রেপ্তার করেছে। বাজেয়াপ্ত হয়েছে সাড়ে ১২ লিটার বেআইনী মদ। এর আগে গত মঙ্গলবার দোল উৎসবের দিন একই অভিযোগে ৩৩০ জনকে গ্রেপ্তার করা হয়। বাজেয়াপ্ত হয় ২৫ লিটার বেআইনী মদ।

-------------------

পশ্চিম বর্ধমানের কাঁকসার শিবপুর ও বনকাটির দুই উদ্বাস্তু পরিবার সিএএ-তে আবেদন করে ভারতীয় নাগরিকত্ব পেয়েছে। অজয়পল্লীর বাসিন্দা ডালিম বিশ্বাস ২০০1 সালে বাংলাদেশের হাটমালঞ্চি থেকে এদেশে চলে আসেন। মাস কয়েক আগে নাগরিকত্বের জন্য আবেদন করেন তিনি। গতকাল তাঁর শংসাপত্র বাড়িতে এসে পৌঁছয়।

এদিকে, কাঁকসার বনকাটি পঞ্চায়েতের এগারোমাইলের বাসিন্দা পীযূষ মৈত্রও ২০০৪ সালে বাংলাদেশের তিকরডাঙা থেকে ভারতে এসে আশ্রয় নেন। গতকাল তাঁর কাছেও শংসাপত্র এসে পৌঁছয়।

অন্যদিকে, মালদার গাজোলে সিএএ-তে আবেদন করে ভারতীয় নাগরিকত্ব পেয়েছেন শঙ্করপুর এলাকার বাসিন্দা মহেন্দ্রকুমার সিংহ এবং তার স্ত্রী আরতি সিংহ। ধর্মীয় কারণে বাংলাদেশ থেকে বিতারিত হয়ে ১৯৯৩ সালে ভারতে আশ্রয় নেন তারা। দীর্ঘদিন চেষ্টা করেও নাগরিকত্ব না পাওয়ায় ভোটাধিকারও ছিল না তাদের। তিন মাস আগে নাগরিকত্ব সংশোধনী আইনে আবেদন জানান দম্পতি। মঙ্গলবার তাদের বাড়িতে গিয়ে সিএএ-র শংসাপত্র তুলে দেন গাজোলের বিজেপি বিধায়ক চিন্ময় দেব বর্মণ।

--------------------

মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবীরের রাজনৈতিক দলের নতুন নাম হয়েছে আম জনতা উন্নয়ন পার্টি। দলের রেজিস্ট্রেশন মঞ্জুর করেছে নির্বাচন কমিশন। এরপর সংবাদপত্রে এবিষয়ে বিজ্ঞাপন দিতে হবে হুমায়ুনকে। কোনও আপত্তি না উঠলে রাজনৈতিক দল হিসেবে স্বীকৃতি দেবে কমিশন। তারপরই প্রতীকের জন্য আবেদন করা যাবে।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস থেকে সাসপেন্ড হওয়ার পর গত ২২ ডিসেম্বর নিজের নতুন দলের কথা ঘোষণা করেছিলেন হুমায়ুন। নাম রেখেছিলেন ‘জনতা উন্নয়ন পার্টি।’ কিন্তু একই নামে অন্য দল থাকায়, রেজিস্ট্রেশনে সমস্যা দেখা দেওয়ায় এই নাম বদল।

-------------------

রাজ্যে আগামী কয়েক দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে। সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত বাড়তে পারে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২১ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে কিছুটা বেশি। তবে বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প প্রবেশের পরিমাণ বৃদ্ধি এবং একটি নিম্নচাপ অক্ষরেখা তৈরি হওয়ার সম্ভাবনা থাকায় দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আগামী ৮ তারিখ থেকে বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট- সৌরিশ)

উত্তরবঙ্গেও আগামী তিন-চার দিন শুষ্ক আবহাওয়া বজায় থাকবে, তবে শনিবার থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা।

-------------------

আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল এফ সি গোয়ার মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ইস্টবেঙ্গল তিন ম্যাচে ছয় পয়েন্ট সংগ্রহ করেছে। সমসংখ্যক ম্যাচে গোয়ার পয়েন্ট সাত।

------------------- -------------------